দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

২৩৪

# চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের তদন্ত কমিশনের রিপোর্ট প্রত্যাখান

( চট্টগ্রাম অফিস )

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ গতকাল (মঙ্গলবার) এক যুক্ত বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ব বিদ্যালয়ের ঘটনাবলী সম্পর্কে একসদস্যের তদন্ত কমি-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চাকসু ও ছাত্রঐক্য

( ১ম পৃঃ পর )

শনের রিপোর্টকে 'পক্ষপাতমূলক ও উদ্দেশ্যপ্রণোদিত' বলিয়া প্রত্যাখ্যান করিয়াছে। বিবৃতিতে তাঁহারা এই রিপোর্ট বাতিলের দাবী জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশকে পাশ কাটাইয়া সরকার ভিসি'কে আবারো পদত্যাগের সুপারিশ করিলে রাজপথে রক্ত দিয়া এই অধ্যাদেশ রক্ষা ও অগণতান্ত্রিক সিদ্ধান্তের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে রুখিয়া দাঁড়ানো হইবে। আগামী ১৬ই জুলাই বিশ্ববিদ্যালয় খোলার পূর্বে বহিষ্কৃত ও শো-কজকৃত শিবির নেতৃবৃন্দের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ২২শে ডিসেম্বরের ঘটনায় দায়ী ব্যক্তিদের বিচার ও ফারুখ হত্যার আসামীদের গ্রেফতার, এই ঘটনার মদদদানকারী শিক্ষক সমিতির ৭ জন কর্মকর্তাকে অপসারণ ও বিচার, ১লা জুন হইতে ২৩শে জুন পর্যন্ত ক্যাম্পাস অবরুদ্ধ রাখার এবং সিনেট সভা অনুষ্ঠানে বিলম্ব ঘটানোর বিচার করিতে হইবে।